# আল্লাহর শপথ প্রতিফল দিবস অবশ্যই সংঘটিত হবে

আসসালামুআলাইকুম ওয়ারাহমাতুল্লাহি ওয়াবারাকাতুহু।

বিসমিল্লাহির রহমানির রহিম

আজকের আলোচনার বিষয়বস্তু হচ্ছে **“আল্লাহর শপথ প্রতিফল দিবস অবশ্যই সংঘটিত হবে”**।

কোন ঘটনার অধিক গুরুত্ব দেয়ার জন্য সাধারণত: আমরা প্রতিনিয়ত “আল্লাহর নামে শপথ” করে থাকি। অতীতকালের লোকেরা এ ধরনের শপথ বাক্য উচ্চারণ করতো। শপথ গ্রহণের পরেই মূল ঘটনা উল্লেখ করা হতো।

পবিত্র কুরআনুল করীমে و (ওয়াও) এর অর্থ “শপথ”, “এবং”। যেখানে অর্থ “শপথ” সেটা Preposition (সম্বন্ধসূচক অব্যয় حرف الجر ) যেখানে অর্থ “এবং” সেটা Conjunction (সংযোজক অব্যয় حرف العطف ) এছাড়া قَسَم “কসম” শব্দ দ্বারা ও “শপথ” বুঝানো হয়েছে।

**পবিত্র কোরআনুল কারীমে আল্লাহ তা’য়লা ইরশাদ করেন:**

১। **হে (নবী) বলো: হ্যাঁ, আমার প্রভুর শপথ সেটা (পুনরুত্থান দিবস) অবশ্যই সত্য।**

وَيَسْتَنْبِئُونَكَ أَحَقٌّ هُوَ قُلْ إِي وَرَبِّيٓ إِنَّهُۥ لَحَقٌّ وَمَآ أَنتُم بِمُعْجِزِينَ ﴿٥٣﴾

উহারা তোমার নিকট জানিতে চায়, ‘ইহা কি সত্য ?' বল, ‘হ্যাঁ, আমার প্রতিপালকের শপথ ! ইহা অবশ্যই সত্য । এবং তোমরা ইহা ব্যর্থ করিতে পারিবে না ।' সূরা ইউনুস ১০ঃ ৫৩

২। **(নবী) তুমি বলো: হ্যাঁ, অবশ্যই (পুনরুত্থিত করা হবে), আমার প্রভুর শপথ।**

زَعَمَ ٱلَّذِينَ كَفَرُوٓاْ أَن لَّن يُبْعَثُواْ قُلْ بَلَىٰ وَرَبِّى لَتُبْعَثُنَّ ثُمَّ لَتُنَبَّؤُنَّ بِمَا عَمِلْتُمْ وَذَٰلِكَ عَلَى ٱللَّهِ يَسِيرٌ ﴿٧﴾

কাফিররা ধারণা করে যে, উহারা কখনও পুনরুত্থিত হইবে না । বল, ‘নিশ্চয়ই হইবে, আমার প্রতিপালকের শপথ! তোমরা অবশ্যই পুনরুত্থিত হইবে । অতঃপর তোমরা যাহা করিতে তোমাদেরকে সে সম্বন্ধে অবশ্যই অবহিত করা হইবে । ইহা আল্লাহর পক্ষে সহজ । সূরা তাগাবুন ৬৪ঃ ৭

৩। **তোমার প্রভুর শপথ! আমরা অবশ্যই তাদেরকে ও শয়তানদেরকে হাশর (একত্রিত) করবে।**



To learn more click here

فَوَرَبِّكَ لَنَحْشُرَنَّهُمْ وَٱلشَّيَاطِينَ ثُمَّ لَنُحْضِرَنَّهُمْ حَوْلَ جَهَنَّمَ جِثِيّاً ﴿٦٨﴾

সুতরাং শপথ তোমার প্রতিপালকের। আমি তো উহাদেরকে এবং শয়তানদেরকেসহ একত্র সমবেত করিবই ও পরে আমি উহাদেরকে নতজানু অবস্থায় জাহান্নামের চতুর্দিকে উপস্থিত করিবই। সূরা মারিয়াম ১৯ঃ ৬৮

**৪। তোমার প্রভুর শপথ! আমরা অবশ্যই তাদের সবাইকে জিজ্ঞাসাবাদ করব।**

فَوَرَبِّكَ لَنَسْأَلَنَّهُمْ أَجْمَعِينَ ﴿٩٢﴾

সুতরাং শপথ তোমার প্রতিপালকের! আমি উহাদের সকলকে প্রশ্ন করিবই, সূরা আল হিজর ১৫ঃ ৯২

عَمَّا كَانُواْ يَعْمَلُونَ ﴿٩٣﴾

সেই বিষয়ে, যাহা উহারা করে। সূরা আল হিজর ১৫ঃ ৯৩

**৫। তারা জোর দিয়ে আল্লাহর নামে কসম খেয়ে বলে: যারা মরে যায় আল্লাহ তাদেরকে পুনরুত্থিত করবেন না।**

وَأَقْسَمُواْ بِٱللَّهِ جَهْدَ أَيْمَانِهِمْ لاَ يَبْعَثُ ٱللَّهُ مَن يَمُوتُ بَلَىٰ وَعْداً عَلَيْهِ حَقّاً وَلَـٰكِنَّ أَكْثَرَ ٱلنَّاسِ لاَ يَعْلَمُونَ ﴿٣٨﴾

উহারা দৃঢ়তার সঙ্গে আল্লাহর শপথ করিয়া বলে, 'যাহার মৃত্যু হয় আল্লাহ্ তাহাকে পুনর্জীবিত করিবেন না।' কেন নয়, তিনি তাঁ হার প্রতিশ্রুতি পূর্ণ করিবেনই। কিন্তু অধিকাংশ মানষু ইহা অবগত নহে- সূরা আন নাহল ১৬ঃ ৩৮

لِيُبَيِّنَ لَهُمُ ٱلَّذِى يَخْتَلِفُونَ فِيهِ وَلِيَعْلَمَ ٱلَّذِينَ كَفَرُواْ أَنَّهُمْ كَانُواْ كَاذِبِينَ ﴿٣٩﴾

তিনি পুনরুত্থিত করিবেন যে বিষয়ে উহাদের মতানৈক্য ছিল তাহা উহাদেরকে স্পষ্টভাবে দেখাইবার জন্য এবং যাহাতে কাফিররা জানিতে পারে যে, উহারাই ছিল মিথ্যাবাদী। সূরা আন নাহল ১৬ঃ ৩৯

**৬। শপথ ঝড়ের, শপথ মেঘমালা, শপথ নৌযানের, শপথ ফেরেশতাদের, প্রতিফল দিবস অবশ্যই সংঘটিত হবে।**

وَٱلذَّارِيَاتِ ذَرْواً ﴿١﴾



To learn more click here

শপথ ধূলিঝঞ্ঝার, সূরা যারিয়াত ৫১ঃ ১

فَالْحَامِلَاتِ وِقْرًا ﴿٢﴾

শপথ বোঝা বহনকারী মেঘপুঞ্জের, সূরা যারিয়াত ৫১ঃ ২

فَالْجَارِيَاتِ يُسْرًا ﴿٣﴾

শপথ স্বচ্ছন্দগতি নৌযানের, সূরা যারিয়াত ৫১ঃ ৩

فَالْمُقَسِّمَاتِ أَمْرًا ﴿٤﴾

শপথ কর্ম বণ্টনকারী ফিরিশ্‌তাগণের- সূরা যারিয়াত ৫১ঃ ৪

إِنَّمَا تُوعَدُونَ لَصَادِقٌ ﴿٥﴾

তোমাদেরকে প্রদত্ত প্রতিশ্রুতি অবশ্যই সত্য । সূরা যারিয়াত ৫১ঃ ৫

وَإِنَّ الدِّينَ لَوَاقِعٌ ﴿٦﴾

কর্মফল দিবস অবশ্যম্ভাবী । সূরা যারিয়াত ৫১ঃ ৬

৭। **শপথ একের পর এক প্রেরিত বাতাসের, শপথ প্রলয়ংকারী ঝড়ের, শপথ (মেঘমালা) সঞ্চালনকারী বাতাসের, শপথ মেঘপুঞ্জ বিচ্ছিন্নকারী বাতাসের, শপথ তাদের যারা মানুষের হৃদয়ে পৌঁছে দেয় উপদেশ, তোমাদের যে বিষয়ের (পুনরুত্থান দিবসের) ওয়াদা দেয়া হয়েছে, তা অবশ্যই ঘটবে।**

وَالْمُرْسَلَاتِ عُرْفًا ﴿١﴾

শপথ কল্যাণস্বরূপ প্রেরিত বায়ুর, সূরা আল মুরসালাত ৭৭ঃ ১

فَالْعَاصِفَاتِ عَصْفًا ﴿٢﴾

আর প্রলয়ঙ্করী ঝটিকার, সূরা আল মুরসালাত ৭৭ঃ ২

وَالنَّاشِرَاتِ نَشْرًا ﴿٣﴾

শপথ সঞ্চালনকারী বায়ুর, সূরা আল মুরসালাত ৭৭ঃ ৩

فَالْفَارِقَاتِ فَرْقًا ﴿٤﴾

আর মেঘপুঞ্জ বিচ্ছিন্নকারী বায়ুর, সূরা আল মুরসালাত ৭৭ঃ ৪



To learn more click here

فَالْمُلْقِيَاتِ ذِكْراً ﴿٥﴾

এবং শপথ তাহাদের যাহারা মানুষের অন্তরে পৌঁছাইয়া দেয় উপদেশ- সূরা আল মুরসালাত ৭৭ঃ ৫

عُذْراً أَوْ نُذْراً ﴿٦﴾

ওযর-আপত্তি রহিতকরণ ও সতর্ক করার জন্য । সূরা আল মুরসালাত ৭৭ঃ ৬

إِنَّمَا تُوعَدُونَ لَوَاقِعٌ ﴿٧﴾

নিশ্চয়ই তোমাদেরকে যে প্রতিশ্রুতি দেওয়া হইয়াছে তাহা অবশ্যম্ভাবী । সূরা আল মুরসালাত ৭৭ঃ ৭

সুতরাং প্রিয় ভাই ও বোনেরা! দুনিয়া ধ্বংস হয়ে যাবে, কেয়ামত অনুষ্ঠিত হবে, আমাদেরকে পুনরুত্থিত করা হবে, আমাদেরকে আল্লাহ রাব্বুল আলামীনের সামনে দাঁড়াতে হবে। দুনিয়ায় আমরা ভালো-মন্দ যা করেছি জিজ্ঞাসা করা হবে, আমাদের বিচার করা হবে, বিচারের ফলাফল: জান্নাতের বাগান অথবা জাহান্নামের আগুন।

আসুন, আমরা গভীর বিশ্বাস করি আখেরাতের উপর এবং আখেরাতের মুক্তির জন্য দুনিয়ায় খারাপ কাজ পরিত্যাগ করি এবং ভালো কাজ করি। অতীতের ভুল-ত্রুটি ও পাপকাজের জন্য আল্লাহর কাছে ক্ষমা প্রার্থনা করি। তাওবা করে অন্যায় কাজের পুনরাবৃত্তি না করার দৃঢ় সংকল্প গ্রহণ করি। আল্লাহর কাছে সাহায্য চাই তিনি আমাদের সৎ পথে চলার পথ সুগম করে দিয়ে দুনিয়া ও আখেরাতের কল্যাণ দান করুক।

আমিন।

আসসালামুআলাইকুম ওয়ারাহমাতুল্লাহি ওয়াবারাকাতুহু।



To learn more click here